# ঢাকা বোর্ড-২০১৭

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. একসময় এদেশে বিরোধী দলীয় নেতাদের পক্ষ থেকে একজন রাজনৈতিক সংস্কারের জন্য প্রস্তাব উত্থাপন করেন। আমেরিকার যুক্তরাষ্ট্রের পদ্ধতির মতো মাত্র দেশরক্ষা ও বৈদেশিক সম্পর্ক বাদে সকল ক্ষমতা অঙ্গরাজ্যগুলোকে প্রদান করার জন্য তিনি দাবি জানান। এমনকি তাঁর দাবির মধ্যে নিরাপত্তার জন্য রাজ্যগুলো সীমিত পরিসরে নিজস্ব বাহিনী গঠন করতে পারবে বলে দাবি জানান।

ক. কত সালে বাংলাদেশ কমনওয়েলথ এর সদস্য হয়? ১

খ. গণপরিষদ বলতে কী বোঝায়? ২

গ. উল্লিখিত ঘটনা বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের কোন ঘটনার সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত দাবি বাঙালির জাতীয় চেতনার মূলে বিস্ফোরণ ঘটায়? যুক্তিসহ লিখ। ৪

২. আনিস লন্ডনে থাকতে টেমস নদীর ধারে একটি গবেষণাগার পরিদর্শনে যায়। সেখানে ভৌগোলিকভাবে অংকিত একটি রেখার উপর সে অবস্থান করছিল। গবেষণাগারের ঘড়িতে সে স্থানীয় সময় মধ্যাহ্ন ১২টা দেখতে পেল। নিউইয়র্কে তার বন্ধুর কাছে ফোন করে জানতে পারে সেখানকার স্থানীয় সময় তখন সকাল ৭টা।

ক. আমেরিকার যুক্তরাষ্ট্রের প্রমাণ সময় কতটি? ১


খ. প্রতিপাদ স্থান বলতে কী বোঝায়? ২

গ. আনিস ভৌগোলিক কোন রেখার উপর অবস্থান করেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্যানুযায়ী নিউইয়র্কে এর দ্রাঘিমা নির্ণয় কর। ৪


https://teachingbd24.com

৩.




ক. লালমাই পাহাড় বাংলাদেশের কোন ভূমিরূপের অন্তর্গত? ১
খ. ভূমিকম্পের 'বিপদজনক বলয়' বলতে কী বোঝ? ২
গ. চিত্রানুযায়ী পৃথিবীর 'A' চিহ্নিত স্থানের জোয়ারের ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ঘটনাটি বাংলাদেশের উপকূলীয় জনজীবনে কী প্রভাব ফেলে? বিশ্লেষণ কর। ৪

৪.




ক. ভারত কোন জলবায়ু অঞ্চলে অবস্থিত? ১
খ. জলবিদ্যুৎ বলতে কী বোঝায়? ২
গ. মানচিত্রের 'A' চিহ্নিত স্থানের বনভূমির ব্যাখ্যা দাও। ৩
ঘ. বাংলাদেশের অর্থনীতিতে 'B' চিহ্নিত স্থানের বনভূমির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫. সাদ বিদেশী শিক্ষার্থী হিসেবে ঢাকা মেডিকেল পড়ে। সে তার বন্ধুদের জানায় গতকাল প্রতিবেশি একটি দেশের কর্তৃপক্ষ তাদের বাড়িঘর ভেঙে দিয়েছে। প্রতিবাদ করায় গুলি করে তার বাবাকে আহত করা হয়েছে। উক্ত দেশের সরকার তাদেরকে উচ্ছেদ করে ইহুদীদের জন্য নতুন বসতি স্থাপন করতে চায়।

ক. হ্যারল্ড জে লাস্কি প্রদত্ত নাগরিকের সংজ্ঞাটি লিখ। ১
খ. আইনের একটি উৎস ব্যাখ্যা কর। ২
গ. রাষ্ট্র হিসেবে সাদের দেশে কোন উপাদানটি নেই? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সাদের দেশে রাষ্ট্রের মৌলিক কাজ ব্যাহত হয়েছে'— বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

৬. আবিরের পিতা সরকারি একটি দপ্তরে কর্মরত। তিনি জনগণের উপর কর ধার্য এবং আদায় করতে পারেন। সম্প্রতি তিনি নেতিবাচক সংবাদ প্রকাশের অভিযোগে সংবাদপত্রটির প্রকাশনা বাতিল করেন। পত্রিকার সম্পাদক সংবিধানের অভিভাবক হিসেবে স্বীকৃত একটি প্রতিষ্ঠানের নিকট অভিযোগ করেন। প্রতিষ্ঠানটি উভয় পক্ষের শুনানি গ্রহণ করেন। প্রতিষ্ঠানটি পত্রিকার প্রকাশনার বন্ধের আদেশ যথার্থ হয়নি মর্মে মত প্রকাশ করে।

ক. প্লেটো গণতন্ত্রকে কীসের শাসন হিসেবে অভিহিত করেছেন? ১

খ. প্রত্যক্ষ গণতন্ত্রের ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. আবিরের পিতা বাংলাদেশের প্রশাসনের কোন স্তরে কর্মরত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মৌলিক অধিকার সংরক্ষণে শেষোক্ত প্রতিষ্ঠানটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৭. তমাল স্কুলের স্কাউট দলের সদস্য। তার স্কুলে আসা যাওয়ার পথে রাস্তার ধারে একটি পানির ট্যাপ আছে। কে বা কারা সেটি প্রায়ই খুলে রেখে যায়। তমাল তার সাইকেল থামিয়ে তা বন্ধ করে। সে চিন্তা করে এভাবে যদি অকারণে পানি পড়তে থাকে তাহলে শহরের বহু মানুষ বাসা-বাড়িতে পানির সংকটে ভুগবে।

ক. উপযোগ কাকে বলে? ১

খ. অপ্রাচুর্য বলতে কী বোঝ? ২

গ. তমালের সংরক্ষণ করা বস্তুটি কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'জনগণের কল্যাণে বা উন্নয়নের জন্য এ সম্পদ সংরক্ষণে যত্নবান হওয়া প্রয়োজন'— বিশ্লেষণ কর। ৪

৮. একটা দেশের ভৌগোলিক সীমা নির্দিষ্ট আছে। দেশটিতে গত বছর লোকসংখ্যা ছিল ১ লক্ষ। তাদের সকলের মোট আয় ছিল ১০ কোটি ডলার। এ বছর দেশটিতে লোকসংখ্যা ১.০১ লক্ষ। তাদের উৎপাদিত মোট দ্রব্যাদির অর্থমূল্য দাঁড়িয়েছে ১১ কোটি ডলার। দেশটির অভ্যন্তরে এরূপ অবস্থা বেশ কয়েক বছর যাবত চলে আসছে।

ক. ভোগ কাকে বলে? ১

খ. ভূমি রাজস্ব বলতে কী বোঝায়? ২

গ. দেশটির প্রদত্ত তথ্যাবলি অর্থনৈতিক নির্দেশকসমূহের কোনটিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর দেশটির অর্থনৈতিক অবস্থা আশাব্যঞ্জক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd24.com

৯. বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় অরূপ মুখার্জীর সাথে মমতা কর্মকারের সম্পর্ক হয়। অরূপ মুখার্জীর বাবা-মা এ সম্পর্কে মেনে নেয় নি। তারা চেয়েছিলেন ছেলে তাদের গোষ্ঠীভুক্ত কাউকে বিবাহ করুক। এখন অরূপ ও মমতা নিজেরা বিবাহ করে ঢাকায় বসবাস করেন। তাদের সংসারে দুটি সন্তান আছে।

ক. গোষ্ঠী-জীবনের প্রথম ধাপ কী? ১

খ. সামাজিক মূল্যবোধ বলতে কী বোঝায়? ২

গ. অরূপ ও মমতার মধ্যে গঠিত পরিবারকে কী ধরনের পরিবার বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'অরূপ ও মমতার দুটি সন্তানের সামাজিকীকরণে তাদের ভূমিকাই মুখ্য'— বিশ্লেষণ কর। ৪

১০. আনোয়ার সাহেব দীর্ঘদিন ঢাকায় বসবাস করেন। তিনি সম্প্রতি গ্রামে গিয়ে ব্যাপক লোকবসতি দেখে অবাক হন। গ্রামের মোড়ে মোড়ে চায়ের দোকান। সেখানে বসে যুবকদের সাথে অনেক বৃদ্ধ বয়সী লোকজন চা খাচ্ছেন। গ্রামের প্রায় প্রত্যেকে কিছু না কিছু উপায়ে রোজগার করছে। এমনকি মহিলারাও নিজ বাড়িতে দুগ্ধ খামার, সেলাই কাজ বা পুকুরে মৎস্য চাষ করে স্বাবলম্বী হচ্ছেন।

ক. UNICEF এর পূর্ণরূপ লিখ। ১

খ. নারীর প্রতি বৈষম্য বিলোপে CEDAW এর ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. আনোয়ার সাহেবের গ্রামের সামাজিক পরিবর্তনে কোন উপাদানটি সর্বাধিক কার্যকর? ব্যাখ্যা কর। ৩

ঘ. আনোয়ার সাহেবের গ্রামের সামাজিক পরিবর্তনের নারীর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

১১. পত্রিকার একটি শিরোনাম 'বনখেকো ওসমান গণি' এখনও জেলে। তার স্ত্রী সন্তানরাও তার আর খোঁজ নেয় না। বন বিভাগের বড়পদে চাকুরি করাকালীন অবৈধভাবে গাছ বিক্রি করে তিনি ব্যাপক অর্থবিত্তের মালিক হন। বিগত তত্ত্বাবধায়ক সরকারের আমলে তার বালিশের মধ্য থেকে দুই কোটি টাকা উদ্ধার করা হয়।

ক. জঙ্গি শব্দটি ল্যাটিন কোন শব্দ থেকে এসেছে? ১

খ. কিশোর অপরাধ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বাংলাদেশের সামাজিক সমস্যার মধ্যে কোনটির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ওসমান গণির কাজ ছিল দেশের উন্নয়ন ও প্রবৃদ্ধির প্রতিবন্ধক'— বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড: ১৫০

## বহুনির্বাচনি অভীক্ষা

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. অভাব → প্রচেষ্টা → উৎপাদন → [?] → ভোগ
"?" চিহ্নিত স্থানে কী হবে?
ক বণ্টন খ সঞ্চয়
গ বিনিয়োগ ঘ উপযোগ

২. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংকের কাজ?
ক জনগণকে ঋণ প্রদান
খ বিনিময়ের মাধ্যম সৃষ্টি
গ বিনিময় বিল ভাঙানো
ঘ ঋণ নিয়ন্ত্রণ

৩. বাংলাদেশে উৎপাদিত তামাক এর উপর ধার্যকৃত করকে কী বলে?
ক আবগারি শুল্ক খ বাণিজ্য শুল্ক
গ মূল্য সংযোজন কর ঘ সম্পূরক শুল্ক

নিচের অনুচ্ছেদটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও:
২০০৮ সালে 'ক' দেশের মোট জাতীয় আয় ছিল ৩৬,০০০ কোটি মার্কিন ডলার। জনসংখ্যা ছিল ৮ কোটি।

৪. ২০০৮ সাল উক্ত দেশটির জনগণের মাথাপিছু আয় কত মার্কিন ডলার ছিল?
ক ৪০০০ খ ৪২০০
গ ৪৫০০ ঘ ৪৭০০

৫. উক্ত দেশটি মাথাপিছু আয়ের ভিত্তিতে নিচের কোন পর্যায়ে পড়ে?
ক উচ্চ আয়ের দেশ
খ উচ্চ মধ্য আয়ের দেশ
গ নিম্ন মধ্য আয়ের দেশ
ঘ নিম্ন আয়ের দেশ

৬. জনাব কালাম তার স্ত্রী, সন্তান, বাবা-মা ও দাদা-দাদীসহ এক সাথে বসবাস করেন। তার পরিবারের রূপ হলো—
ক অণু পরিবার খ যৌথ পরিবার
গ বর্ধিত পরিবার ঘ মাতৃতান্ত্রিক পরিবার

৭. Militant শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক গ্রিক খ ফার্সি
গ পর্তুগিজ ঘ ল্যাটিন

৮. 'জনসংখ্যার ঘনত্ব' সামাজিক পরিবর্তনের কোন ধরনের উপাদান?
ক প্রাকৃতিক খ জৈবিক
গ সাংস্কৃতিক ঘ প্রযুক্তিগত

৯. সংসদ প্রণীত আইনে রাষ্ট্রপতি কত দিনের মধ্যে সম্মতি দান করবেন?
ক ১০ খ ১২
গ ১৫ ঘ ১৭

১০. সামাজিক নৈরাজ্যের কারণ—
i. সমাজে আইন শৃঙ্খলার অবনতি
ii. অপসংস্কৃতির অনুপ্রবেশ
iii. মোবাইলের অতিমাত্রায় ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১. জনাব মনির সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তা হিসেবে আগ্নেয়াস্ত্র ও বিষ প্রভৃতির লাইসেন্স দেন। তার পদবী হলো—
ক জেলা প্রশাসক
খ উপজেলা চেয়ারম্যান
গ উপজেলা নির্বাহী অফিসার
ঘ বিভাগীয় কমিশনার

১২. নির্বাচন কমিশনের কমিশনারগণ কার নিকট পদত্যাগপত্র পেশ করতে পারেন?
ক প্রধানমন্ত্রী
খ রাষ্ট্রপতি
গ স্পিকার
ঘ প্রধান নির্বাচন কমিশনার

১৩. গণতন্ত্রে রাজনৈতিক দল গুরুত্বপূর্ণ হওয়ার কারণ—
i. জনমত গঠন করে
ii. দলীয় আদর্শ প্রচার করে
iii. রাজনৈতিক সচেতনতা বৃদ্ধি করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. বাংলাদেশ জাতিসংঘ সাধারণ পরিষদের কততম অধিবেশন সভাপতিত্ব করেছিল?
ক ৪০ খ ৪১
গ ৪২ ঘ ৪৩

১৫. সিডও এর বৈশিষ্ট্য হলো—
i. নারী ও পুরুষের সমতার নীতি
ii. এর ৩০টি ধারা আছে
iii. ১৯৮০ সালে এটি কার্যকর হয়
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ ii ও iii

১৬. 'স্মৃতির মিনার' একটি—
ক উপন্যাস খ কবিতা
গ গল্প ঘ নাটক

Teachingbd24.com

১৭. নিচের কোন ব্যক্তি পাকিস্তানে 'মৌলিক গণতন্ত্র' প্রবর্তন করেন?

(ক) আইয়ুব খান (খ) টিক্কা খান
(গ) ইয়াহিয়া খান (ঘ) ইস্কান্দার মির্জা

১৮. ১৯৭১ সালের ১০ এপ্রিল সংঘটিত হয়—

i. আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা
ii. মুজিবনগর সরকারের শপথ গ্রহণ
iii. মুজিবনগর সরকার গঠন

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) ii ও iii

১৯. বাংলাদেশের সংবিধানের কততম সংশোধনীসমূহ সুপ্রীমকোর্ট কর্তৃক বাতিল ঘোষিত হয়েছে?

(ক) ৫ম, ৬ষ্ঠ, ৭ম (খ) ৪র্থ, ৫ম, ১০ম
(গ) ৬ষ্ঠ, ৭ম, ১৩শ (ঘ) ৫ম, ৭ম, ১৩শ

২০. বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে আমূল পরিবর্তন এসেছে নিচের কোন কারণে?

i. সৃজনশীল পদ্ধতির মূল্যায়ন ব্যবস্থার ফলে
ii. নতুন পাঠ্যপুস্তক প্রণয়নের ফলে
iii. শিক্ষক প্রশিক্ষণের ফলে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১. নিচের কোন সময়কে অপসূর বলা হয়?

(ক) ১—৩ জানুয়ারি
(খ) ৪—৭ ফেব্রুয়ারি
(গ) ১—৪ জুলাই
(ঘ) ১—৪ ডিসেম্বর

২২. চট্টগ্রামে বসবাসরত মিনু রমজান মাসে ইফতার শেষ করে রাজশাহীতে অবস্থানরত তার বান্ধবীকে ফোন করে জানতে পারলো তারা তখনও ইফতার করেনি। কারণ—

(ক) প্রমাণ সময়ের পার্থক্য
(খ) স্থানীয় সময়ের পার্থক্য
(গ) রাজশাহী চট্টগ্রামের উত্তরে অবস্থিত
(ঘ) সঠিক সময়জ্ঞান এর অভাব

২৩. ৪৫ ডিগ্রি পূর্ব দ্রাঘিমায় অবস্থিত স্থানের প্রতিপাদ স্থান কোনটি?

(ক) ১৩৫ ডিগ্রি পশ্চিম (খ) ১৩৫ ডিগ্রি পূর্ব
(গ) ১৪৫ ডিগ্রি পশ্চিম (ঘ) ১৪৫ ডিগ্রি পূর্ব

২৪. বাংলাদেশের এমন একটি সম্পদ রয়েছে যার অপব্যবহারে রাসায়নিকীকরণসহ নানা কারণে পরিবেশ ও জীবজগতের অস্তিত্ব বিপন্ন হতে পারে। সম্পদটি হলো—

(ক) বনজ (খ) খনিজ
(গ) পানি (ঘ) মৎস্য


২৫. মিশুক চক্রবর্তী অপেক্ষাকৃত নিচু গোত্রের মিতা দাসকে বিবাহ করে। তাদের পরিবারটি কোন ধরনের?

(ক) অনুলোম বিবাহ ভিত্তিক পরিবার
(খ) প্রতিলোম বিবাহ ভিত্তিক পরিবার
(গ) অন্তর্গোত্র বিবাহ ভিত্তিক পরিবার
(ঘ) সমগোত্র বিবাহ ভিত্তিক পরিবার

২৬. রাষ্ট্র হচ্ছে সরকার কর্তৃক প্রণীত আইন দ্বারা পরিচালিত একটি সংগঠন, যার কর্তৃত্বমূলক ক্ষমতা রয়েছে এবং যা নির্দিষ্ট ভূ-খণ্ডে বসবাসরত অধিবাসীদের উপর বলবৎ হয়।— উক্তিটি কার?

(ক) অধ্যাপক গার্নার (খ) এরিস্টটল
(গ) হল্যান্ড (ঘ) ম্যাকাইভার

নিচের চিত্রটি দেখে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:




২৭. উদ্দীপকের চিত্রে কোন জোয়ার নির্দেশিত হয়েছে?

(ক) পূর্ণিমা তিথিতে ভরা কটাল
(খ) অষ্টমী তিথিতে ভরা কটাল
(গ) অমাবস্যা তিথিতে ভরা কটাল
(ঘ) অষ্টমী তিথিতে মরা কটাল

২৮. উক্ত ধরনের জোয়ারের কারণে হয়ে থাকে—

i. সমুদ্রগামী জাহাজের নদীতে সহজে প্রবেশ
ii. সমুদ্রের পানিকে আবদ্ধ করে লবণ তৈরি
iii. স্থলভাগে বানের সৃষ্টি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

২৯. ভূমিকম্পের বিপদজনক বলয়ে অবস্থিত নিচের কোন জেলা?

(ক) চট্টগ্রাম (খ) রংপুর
(গ) ঢাকা (ঘ) খুলনা

৩০. নিচের কোন রেখা বাংলাদেশের মাঝামাঝি দিয়ে অতিক্রম করেছে?

(ক) বিষুবরেখা (খ) কর্কটক্রান্তি
(গ) অক্ষরেখা (ঘ) মকরক্রান্তি

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | খ | ৬ | গ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ | ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | খ |

Teachingbd24.com